# বাংলাদেশ কৃষি ব্যাংক
ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা

ফোনঃ +৮৮ ০২ ২২৩৩৫৫৬২২
ইমেইলঃ
dgmtreasury@krishibank.org.bd


নং-প্রকা/টিএমডি-১৭(৬৮)/২০২২-২৩/৬৯১ তারিখঃ ০২-০১-২০২৩ ইং

**অতীব জরুরী**

উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ শাখাসমূহের সীমাতিরিক্ত নগদ তহবিল প্রধান কার্যালয়ে প্রেরণ প্রসংগে।

মহোদয়,

শিরোনামে বর্নিত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংকের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা, কৃষি ঋণ বিতরন কার্যক্রম অব্যাহত রেখে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক নগদ তহবিল সংরক্ষণ ও নির্ধারিত সময়ে ঋণের কিস্তি পরিশোধ করার লক্ষ্যে প্রধান কার্যালয়ের তহবিল সংগ্রহ ও তার যথাযথ ব্যবহারের গুরুত্ব অপরিসীম। সে কারণে মাঠ পর্যায়ের উদ্বৃত্ত তহবিল প্রধান কার্যালয়ে নিয়মিত প্রেরন করা না হলে একদিকে যেমন শাখাসমূহ নিরাপত্তা ঝুঁকিতে থাকে অপরদিকে প্রধান কার্যালয়কে মুদ্রাবাজার হতে উচ্চ হারে তহবিল কর্জ করতে হয় যা ব্যাংকের সুদ ব্যয় বৃদ্ধি করে।

০৩। গত ২৮ ডিসেম্বর ২০২২ তারিখে ব্যাংকের দায় ও সম্পদ ব্যবস্থাপনা কমিটির মাসিক সভায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সুষ্ঠ তহবিল ব্যবস্থাপনা ও শাখার নিরাপত্তা নিশ্চিত করনের স্বার্থে শাখাসমূহে সীমাতিরিক্ত নগদ তহবিল ধারন না করা এবং একই সাথে সীমাতিরিক্ত নগদ তহবিল প্রধান কার্যালয়ে প্রেরনের জন্য মৌখিক নির্দেশনা প্রদান করেছেন।

০৪। শাখাসমূহে সীমাতিরিক্ত নগদ তহবিল ধারন না করা এবং সীমাতিরিক্ত নগদ তহবিল প্রধান কার্যালয়ে প্রেরনের জন্য অত্র বিভাগ হতে বিভিন্ন সময়ে পত্রসহ সর্বশেষ পত্র নং ৯২৩, তারিখ ২৬-০৫-২০২২ মূলে বারবার তাগিদ প্রদান করা হলেও সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে ,ব্যাংকের অনেক শাখা কোন প্রয়োজন ছাড়াই প্রধান কার্যালয়ের নির্দেশ অমান্য করে দিনের পর দিন ভল্টে সীমাতিরিক্ত নগদ তহবিল ধারণ এবং সোনালী জনতা সহ অনান্য ব্যাংকে অতিরিক্ত নগদ অর্থ ধারণ করছে যা মোটেই কাম্য নয়। এছাড়া বাংলাদেশ ব্যাংকে দৈনিক নগদ তহবিল বিবরণী প্রেরণের ক্ষেত্রে বেশীরভাগ শাখায় সীমাতিরিক্ত তহবিল থাকায় জবাবদিহীতা করতে হচ্ছে যা অপ্রত্যাশিত।

০৫। প্রধান কার্যালয়ে তহবিল প্রেরণকালে বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের নামে নিম্নলিখিত হিসাব নম্বরে onlineTransaction এর মাধ্যমে তহবিল প্রেরণ নিশ্চিত করার জন্য পরামর্শ দেয়া হলোঃ

| ক্র:নং | ব্যাংকের নাম | শাখার রাউন্টিং নম্বর | হিসাবের প্রকৃতি | হিসাব নম্বর |
|---|---|---|---|---|
| ০১। | সোনালী ব্যাংক লি:<br>শিল্পভবন কর্পোরেট শাখা, ঢাকা | ২০০২৭৬৪৩৪ | এসএনডি | ১৬১৭০৩৬০০০০৬৫ |
| ০২। | জনতা ব্যাংক লি:<br>স্থানীয় কার্যালয়, ঢাকা | ১৩৫২৭৩৮৮১ | এসএনডি | ০১০০০০১৪২৭৫৯২ |

চলমান পাতা-০২

০৬। এমতাবস্থায়, শাখাসমূহে সীমাতিরিক্ত নগদ তহবিল ধারন না করে দৈনিক ভিত্তিতে প্রধান কার্যালয়ে প্রেরনের জন্য পুনঃনির্দেশনা প্রদান করা হলো। অন্যথায় ব্যাংকের সুষ্ঠ তারল্য ব্যবস্থাপনা বিঘ্নিত হলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তাগণের উপর বর্তাবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

02.01.2023

(মোছাঃ আখিয়ারা খানম)
উপমহাব্যবস্থাপক
মোবাইলঃ ০১৯১৪- ৭৩২৪৫৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ

০১। চীফ ষ্টাফ অফিসার,ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,বিকেবি,প্রকা,ঢাকা।
০২। ষ্টাফ অফিসার,উপ-ব্যবস্থাপনা পরিচালক -১,২ ও ৩ মহোদয়গনের সচিবালয়,বিকেবি,প্রকা,ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার,সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর,বিকেবি,প্রকা ও বিভাগীয় কার্যালয়সমূহ।
০৪। ষ্টাফ অফিসার,মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ,বিকেবি,প্রকা,ঢাকা।
০৫। উপমহাব্যবস্থাপক,আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ( ব্যাংকের ***ওয়েব-সাইটে*** আপলোড করার জন্য)।
০৬। নথি

০২।০১।২৩

( মোঃ আল মামুন )
সহকারী মহাব্যবস্থাপক
মোবাইলঃ ০১৭১২-১৩০২২২